

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dol.gov.bd

স্মারক নং-৪০.০২.০০০০.০৩১.৯৯.০০১.৯২.১৮

তারিখঃ ১৪/০৩/২০২০ খ্রিঃ।

বিষয়: কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণের সাম্প্রতিক প্রভাবে বাংলাদেশেও গত ০৮ মার্চ ২০২০ তারিখ প্রথম ০৩ (তিন) জন আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে {তথ্যসূত্র-রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)}। ইতোমধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাস-কে মহামারী হিসেবে ঘোষণা করেছে। উক্ত পরিপ্রেক্ষিতে, শ্রমঘন শিল্প বিশেষত: তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য, হিমায়িত পণ্য, প্লাস্টিক পণ্য, নির্মাণ ইত্যাদি সেক্টরসমূহে করোনা ভাইরাস-এর সংক্রমণ প্রতিহত করার উদ্দেশ্যে আইইডিসিআর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সকল কর্মীকে দেহের তাপমাত্রা পরিমাপক থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মালিকপক্ষকে অনুরোধ করা হলো। তাপমাত্রা স্বাভাবিকের বেশি হলে এবং সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বাধ্যতামূলক ছুটি প্রদান করে সংগনিরোধ (Quarantine) ব্যবস্থা গ্রহণ পূর্বক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।


কর্মক্ষেত্রে নিয়মিত বিরতিতে হাত ধোয়া, আইইডিসিআর কর্তৃক নির্দেশিত পন্থায় হাঁচি-কাশি দেয়া, কর্মমর্দন বা কোলকুলি থেকে বিরত থাকা, জনসমাগম পরিহার করা সর্বোপরি পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে সহকর্মীদেরকে উৎসাহিত করা ও এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এ সংক্রান্তে শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ২০ তলায় কন্ট্রোল রুম খোলা হয়েছে। জনাব সালাহউদ্দীন মাহমুদ, উপ পরিচালক (প্রশাসন) কে শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত করা হলো। কন্ট্রোল রুমের হট লাইন নাম্বার-০২-৮৩৯১৩২৪, মোবাইল নং- ০১৭১৫-৪৬৭০৬০।

এ অধিদপ্তরের অধীনস্থ সকল বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয়ের পরিচালক, উপ পরিচালকগণ ও শ্রম কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসারগণ তাঁর কার্যালয়ে কন্ট্রোলরুম চালুকরণসহ ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করবেন এবং তাঁর আওতাধীন এলাকার সকল মালিক ও শ্রমিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করার জন্য পরিষ্কার পরিচ্ছন্নতার কোন বিকল্প নেই। তাই নিজে পরিষ্কার থাকার পাশাপাশি এ বিষয়ে সকল সহকর্মীকে সচেতন করে তুলতে হবে। যদি জ্বর, সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে অসুবিধ হয় তাহলে দ্রুত অসুস্থ ব্যক্তিকে চিকিৎসা কেন্দ্রে পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ও অনুরোধ করা হলো।

আতংক নয়, সচেতনতা জরুরি।


(এ.কে.এম. মিজানুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২- ৮৩৯১৪৬৬

ই-মেইল dgdeptoflabour@gmail.com

বিতরণঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ঢাকা।
- ২। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন (সকল সদস্যকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সভাপতি, বিজিএমইএ/ বিকেএমইএ/ বাংলাদেশ লেদার গুডস ম্যানুফ্যাকচারার এন্ড ওনার্স এসোসিয়েশন/ বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন/ বাংলাদেশ প্লাস্টিক পণ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণ মালিক সংগঠন/ রিহাব/.....(সকল সদস্যকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। সভাপতি, ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কাস এডুকেশন (এনসিসিডব্লিউই)।
- ৫। সভাপতি, ইন্ডাস্ট্রি অল বাংলাদেশ কাউন্সিল।
- ৬। সভাপতি, জাতীয় শ্রমিক লীগ।
- ৭। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র/সংঘ।
- ৮। প্রকল্প পরিচালক, (উপ সচিব) শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ)/(ট্রেডইউনিয়ন, সালিশি ও প্রশিক্ষণ)/(পরিসংখ্যান, পরিকল্পনা ও তথ্য প্রযুক্তি)/(মেডিকেল), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/নারায়ণগঞ্জ।
- ১১। পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর।
- ১২। উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ১৩। উপ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ১৪। উপ পরিচালক, ফরিদপুর/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/দিনাজপুর/রংপুর/বগুড়া/কুষ্টিয়া/ বরিশাল।
- ১৫। সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজাগাঁও/টংগী/চাষাড়া/বন্দর/সাটিরপাড়া/ ঘোড়াশাল/ঘোলশহর/ কালুরঘাট/খালিশপুর/শ্রীমঙ্গল।
- ১৬। মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ/রাজামাটি/চৌমুহনী/রুপসা/মংলা/কুষ্টিয়া/বরিশাল
সপূরা/ সিরাজগঞ্জ/বগুড়া/গাইবান্ধা/সৈয়দপুর/লালমনিরহাট/চন্ডিছড়া/সমশেরনগর/পাত্রখোলা/ফুসকুড়ি
লোহাইউনি/কাপনাপাহাড়/চিকনাগুল/সরিষাবাড়ি।
- ১৭। সহকারী পরিচালক(আইসিটি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৮। অফিস কপি।

স্মারক নং-৪০.০২.০০০০.০৩১.৯৯.০০১.৯২.১৮ (৩)

তারিখঃ ১৪/০৩/২০২০ খ্রিঃ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(এ.কে.এম. মিজানুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২- ৮৩৯১৪৬৬

ই-মেইল dgdeptoflabour@gmail.com